

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd)

বিষয়ঃ সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি'র ২০২২-২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মাহবুবা পান্না, অতিরিক্ত সচিব, প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
সভার তারিখ ও সময় : ০৩/০৮/২০২২ খ্রি., সকাল ১০:৩০  
স্থান : প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ সম্মেলন কক্ষ  
উপস্থিতি : সংযোজনী- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব বিদ্যমান সিটিজেন চার্টার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	কার্যক্রম	সিদ্ধান্ত
১.	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি নিয়মিত পুনর্গঠন করার জন্য প্রশাসন-১ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।
২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন কমিটি কর্তৃক প্রস্তুতের পর প্রশাসন-১ শাখার মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
৩.	[১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাধীন কোন দপ্তর/সংস্থা না থাকায় এ বিষয়ে নির্দেশনা চেয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ পত্র প্রেরণ করবে।
৪.	[১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ)	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চলমান সিটিজেনস্ চার্টারে সংযোজন/বিয়োজন করার লক্ষ্যে সকল অনুবিভাগকে সংশ্লিষ্ট অংশ যাচাই করে প্রস্তাব উপস্থাপনের জন্য প্রশাসন-১ শাখা হতে পত্র প্রেরণ করতে হবে।
৫.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের জন্য এ বিভাগের চলমান প্রকল্পসমূহের সহায়তায় উদ্যোগ গ্রহণ করতে হবে। বিষয়টি যাচাই করে পরবর্তী সভায় আলোচনার জন্য উপস্থাপন করতে হবে।

ক্র.নং	কার্যক্রম	সিদ্ধান্ত
৬.	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	ইতোপূর্বে স্টেকহোল্ডার হিসেবে যারা ইআরডি'র বিভিন্ন সভা বা কার্যক্রমে অংশগ্রহণ করেছেন তা পর্যালোচনাপূর্বক কমিটির পরবর্তী সভায় সদস্য সচিব এ আলোচ্যসূচি পুনরায় উপস্থাপন করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

  
 মাহবুবা পান্না  
 অতিরিক্ত সচিব

ও সভাপতি, সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ  
কমিটি

নং-০৯.০০.০০০০.২৫২.১৮.০০১.২২.৮৬

তারিখ: ০৪ আগস্ট ২০২২ খ্রি.

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সদস্য (সকল), সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২। যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩। সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, ফাবা ও আইসিটি অনুবিভাগ প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৭। অফিস কপি